**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14–08–2024**
**Time: 08:20-08:30 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় আজ জাতির উদ্দেশে ভাষণ দেন ।**

**(২) ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপনের লক্ষ্যে "হর ঘর তিরঙ্গা" কর্মসূচিতে আগামীকাল সারা রাজ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দিল্লির ঐতিহাসিক লাল কেল্লা থেকে ৭৮তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং জাতির উদ্দেশে ভাষণ দেবেন ।**

**(৪) স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সরকারি অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আজ ক্রশ কান্ট্রি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ।**

*******************************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় আজ জাতির উদ্দেশে ভাষণ দেন। তিনি প্রথমেই সবাইকে স্বাধীনতা দিবসের আন্তরিক শুভেচ্ছা জানান। তিনি বলেন, আমরা এমন

এক ঐতিহ্যের অংশ, যা স্বাধীনতা সংগ্রামীদের স্বপ্ন এবং ভবিষ্যৎ প্রজন্মের আকাঙ্ক্ষাকে একত্রিত করে, আগামী দিনগুলিতে ভারতকে তার পূর্ণ গৌরব ফিরিয়ে দেবে। তিনি স্বাধীনতা সংগ্রামীদের স্মৃতি প্রতি শ্রদ্ধা জানিয়ে মহাত্মা গান্ধী, সর্দার প্যাটেল, নেতাজি সুভাষ চন্দ্র বসু এবং বাবাসাহেব আম্বেদকরসহ ভগৎ সিং ও চন্দ্রশেখর আজাদের কথা উল্লেখ করেন। এছাড়াও আদিবাসী বীর সংগ্রামী তিলকা মাঝি, বিরসা মুন্ডা, লক্ষ্মণ নায়েক এবং ফুলো–ঝানোর কথা স্মরণ করেন। তিনি ১৪ই আগস্ট দেশভাগের বিভাজন বিভীষিকা দিবসের স্মৃতিচারণ করেন।

তিনি বলেন, ন্যায়বিচার, সমতা, স্বাধীনতা এবং ভ্রাতৃত্বের সাংবিধানিক আদর্শের উপর দৃঢ়ভাবে দাঁড়িয়ে বিশ্ব মঞ্চে ভারত যাতে তার ন্যায্য স্থান ফিরে পায়, তা নিশ্চিত করার লক্ষ্যে এখন আমরা এগিয়ে চলেছি। এ বছর আমাদের দেশে সাধারণ নির্বাচনে বিশ্ববাসী ইতিহাসের বৃহত্তম নির্বাচন প্রক্রিয়া প্রত্যক্ষ করেছে। সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে নির্বাচন পরিচালনার জন্য ভারতের নির্বাচন কমিশনকে তিনি অভিনন্দন জানান এবং নির্বাচনের কাজে নিযুক্ত সমস্ত কর্মী ও নিরাপত্তা কর্মীদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলেন, ২০২১ থেকে ২০২৪ সালের মধ্যে গড় বার্ষিক প্রবৃদ্ধির হার ৮% অর্জন করে, ভারত দ্রুততম ক্রমবর্ধমান বৃহৎ অর্থনীতিগুলোর মধ্যে একটি হয়েছে। দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মানুষের সংখ্যাও ব্যাপকভাবে হ্রাস পেয়েছে।

তিনি বলেন, ভারত বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতিতে পরিণত হয়েছে এবং আমরা শীঘ্রই বিশ্বের শীর্ষ তিনটি অর্থনীতির মধ্যে

পরিণত হতে চলেছি। কৃষক ও শ্রমিকদের অক্লান্ত পরিশ্রম, নীতিনির্ধারক ও উদ্যোক্তাদের দূরদর্শী চিন্তাভাবনা এবং দেশের দূরদর্শী নেতৃত্বের শক্তিতেই এই সাফল্য সম্ভব হয়েছে।

আমাদের অন্নদাতা কৃষকরা প্রত্যাশার চেয়ে ভালো কৃষি উৎপাদন সুনিশ্চিত করেছেন। চিন্তাশীল পরিকল্পনা এবং কার্যকর বাস্তবায়ন সড়ক ও মহাসড়ক, রেল ও বন্দরগুলির একটি নেটওয়ার্ক স্থাপনে সহায়তা করেছে। সরকার সেমি-কন্ডাক্টর এবং কৃত্রিম বুদ্ধিমত্তার মতো অনেক ক্ষেত্রের প্রচারের পাশাপাশি স্টার্ট-আপগুলির জন্য একটি আদর্শ বাস্তুতন্ত্র তৈরির উপর বিশেষ জোর দিয়েছে, এর ফলে ভারতের প্রতি বিনিয়োগকারীদের আকর্ষণ বেড়েছে। স্বচ্ছতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ব্যাঙ্কিং ও আর্থিক ক্ষেত্রের দক্ষতাও বৃদ্ধি পেয়েছে।

তিনি বলেন, সংবিধানের স্থপতি ডঃ বি আর আম্বেদকরের কথা আমাদের সবসময় মনে রাখা উচিত। তিনি বলেন, সামাজিক ন্যায়বিচার সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার।

তিনি তফশিলি জাতি, তফসিলি জনজাতি এবং সমাজের অন্যান্য প্রান্তিক অংশের কল্যাণে গৃহিত পিএম-সুরজ, পিএম-জনমন ও নমস্তে প্রকল্পের কথা উল্লেখ করেন।

তিনি বলেন,  সরকার নারী-কল্যাণ ও নারীর ক্ষমতায়নে সমান গুরুত্ব দিয়েছে। গত এক দশকে এই উদ্দেশ্যে বাজেটের বরাদ্দ তিনগুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে।

তিনি বলেন, সরকারের উদ্যোগে গৃহিত 'নারী শক্তি বন্দনা আইনে'র লক্ষ্য হচ্ছে, মহিলাদের প্রকৃত ক্ষমতায়ন সুনিশ্চিত

করা। তিনি বলেন, বিশ্ব উষ্ণায়নের গুরুতর কুপ্রভাব থেকে পৃথিবীকে রক্ষা করার জন্য ভারত অগ্রণী ভূমিকা গ্রহণ করছেন।

তিনি বলেন, চলতি বছরের জুলাই থেকে ভারতীয় দণ্ডবিধি বাস্তবায়ন করা হয়েছে। নতুন আইনের উদ্দেশ্য হল, কেবল শাস্তির পরিবর্তে অপরাধের শিকারদের ন্যায়বিচার নিশ্চিত করা।

তিনি স্বাধীনতার শতবর্ষের দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে অমৃতকালের কথা উল্লেখ করে বলেন, যুবাদের শক্তি ও উৎসাহের জোরেই আমাদের দেশ নতুন উচ্চতায় পৌঁছবে। এই প্রেক্ষিতে ২০২০ সালের জাতীয় শিক্ষানীতির ফল পাওয়া যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

তিনি বলেন, তরুণ প্রতিভার কর্মসংস্থান ও দক্ষতার জন্য প্রধানমন্ত্রীর পাঁচটি প্রকল্প আগামী পাঁচ বছরে ৪ কোটি ১০ লক্ষ যুবক-যুবতীকে উপকৃত করবে। তিনি সাম্প্রতিক বছরগুলিতে ভারত মহাকাশ গবেষণার ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতির কথা উল্লেখ করেন।

তিনি বলেন, ক্রীড়াক্ষেত্রেও আমাদের দেশ গত দশকে অনেক উন্নতি করেছে। সরকার ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে যথাযথ অগ্রাধিকার দিয়েছে এবং ফলাফল দেখা যাচ্ছে।

তিনি আমাদের স্বাধীনতার রক্ষাকারী সশস্ত্র বাহিনীর সাহসী জওয়ানদের এবং সারা দেশে নজরদারি বজায় রাখা পুলিশ ও নিরাপত্তা বাহিনীর কর্মীদের অভিনন্দন জানান। তিনি প্রবাসী ভারতীয়দের শুভেচ্ছা জানান।

*******************************

**Independence Day :**

৭৮তম স্বাধীনতা দিবস যথাযথভাবে উদযাপনের জন্য "হর ঘর তিরঙ্গা" কর্মসূচিতে আগামীকাল সারা রাজ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আগামীকালের কর্মসূচি শুরু হবে ভোর ৫টায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রভাতফেরীর মাধ্যমে। বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান ও প্রতিটি বাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সকাল ৮টায় সার্কিট হাউস সংলগ্ন মহাত্মা গান্ধীর মূর্তিতে এবং সকাল ৮টা ১৫ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করবেন। তাছাড়া সকাল ৮টা ৩৫ মিনিটে তিনি লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করবেন।

আগামীকাল আগরতলায় আসাম রাইফেলস ময়দানে মূল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সকাল ৯টা ১০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন করবেন। পতাকা উত্তোলনের পর মুখ্যমন্ত্রী সশস্ত্র বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন করবেন। পরে তিনি সমর শিক্ষার্থী বাহিনীর ক্যাডেট, আধিকারিক ও বনবিভাগের কর্মীদের পুরস্কার প্রদান করবেন। অনুষ্ঠানে রাজ্যবাসীর উদ্দেশ্যে বক্তব্য রাখবেন মুখ্যমন্ত্রী।

****************************

**Independence Day-Greetings :**

স্বাধীনতা দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাজ্যপাল শুভেচ্ছাবার্তায় বলেন, জাতীয় পতাকা ভারতবাসীর আশা ও আকাঙ্খাকে প্রতিনিধিত্ব করছে। ভারতবর্ষের

সুরক্ষায় যেসব সশস্ত্র বাহিনীর জওয়ানগণ দেশের সীমান্ত, আকাশ, জলসীমা পাহারা দিচ্ছেন তাদেরও অভিনন্দন জানান রাজ্যপাল। তিনি রাজ্যকে নেশামুক্ত, বাল্যবিবাহ মুক্ত, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক বর্জন করার আহ্বান জানান।

মুখ্যমন্ত্রী এক শুভেচ্ছা বার্তায় বলেন, 'জানা-অজানা বহু বীরসংগ্রামী ও দেশপ্রেমিক নাগরিকদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত আমাদের এই স্বাধীনতা। সবার জন্য এক উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার অঙ্গীকারই হোক মহান স্বাধীনতা দিবসের মূল আহ্বান।

******************************

**President-Police Medel :**

এবছর স্বাধীনতা দিবসে রাজ্য পুলিশ এবং টিএসআর এর ৬ জন ও একজন হোমগার্ড রাষ্ট্রপতি পুলিশ পদক এর জন্য নির্বাচিত হয়েছেন। নির্বাচিতরা হলেন ডিএসপি কমল কৃষ্ণ কলয়, টিএসআর ৮ নম্বর ব্যাটেলিয়ানের সুবেদার ক্ষীরোদ দেববর্মা, টি এস আর ১২ নম্বর ব্যাটেলিয়ানের হাবিলদার নিহার দেববর্মা, স্পেশাল ব্রাঞ্চ এর কনস্টেবল সুজন কান্তি চৌধুরী, টিএসআর বার নম্বর ব্যাটেলিয়ানের নায়েক নির্মল দাস, স্পেশাল ব্রাঞ্চ-এর মহিলা কনস্টেবল জয়ন্তী চক্রবর্তী, ও হোম গার্ড-এর নবকুমার সরকার। উল্লেখ্য আগামী বছরের ২৬শে জানুয়ারি তাদের হাতে মেডেল তুলে দেওয়া হবে।

***************************

**PM, Independance Day :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দিল্লির ঐতিহাসিক লাল কেল্লা থেকে ৭৮তম স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং জাতির উদ্দেশে ভাষণ দেবেন। এই বছরের স্বাধীনতা দিবসের ভাবনা হল Viksit Bharat @ 2047 অর্থাৎ ২০৪৭ সালের বিকশিত ভারত। জাতীয় এই উৎসবে যুবা, আদিবাসী সম্প্রদায়, কৃষক, মহিলা এবং সমাজের বিভিন্ন স্তরের মানুষ এবং বিভিন্ন সরকারী প্রকল্প এবং উদ্যোগের সাহায্যে বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা অর্জন করেছেন এমন প্রায় ছয় হাজার বিশেষ অতিথিকে লাল কেল্লায় আমন্ত্রণ জানানো হয়েছে। সদ্য সমাপ্ত প্যারিস অলিম্পিকে অংশ নেওয়া ভারতীয় দলকেও অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে। MyGov এবং আকাশবাণীর সহযোগিতায় প্রতিরক্ষা মন্ত্রক আয়োজিত বিভিন্ন অনলাইন প্রতিযোগিতার তিন হাজার বিজয়ীও এই অনুষ্ঠানে অংশ নেবেন। সারাদেশের বিভিন্ন স্কুল থেকে মোট দুই হাজার ক্যাডেট এবং তিন বাহিনী এই উদযাপনে অংশগ্রহণ করবে।

****************************

**Partition horror-PM :**

আজ বিভাজন বিভীষিকা স্মরণ দিবস। এইদিনে ১৯৪৭ সালে ভারত বিভক্তির সময় মানুষের দুর্ভোগের স্মৃতিচারণ করা হয়। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন দেশভাগের ভয়াবহতার কারণে প্রভাবিত এবং ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত মানুষের প্রতি শ্রদ্ধা জানানোর দিন আজ। দেশে ঐক্য ও ভ্রাতৃত্বের বন্ধন রক্ষায় জাতির অঙ্গীকারের ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী।

**************************

**Partition horror-CM :**

দেশ বিভাজনের বিভীষিকার ইতিহাস নতুন প্রজন্মের কাছে নিয়ে যাওয়ার উপর গুরুত্ব দিয়েছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। আজ আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে বিভাজনের বিভীষিকা স্মরণ দিবস উপলক্ষে বিজেপি আয়োজিত এক আলোচনা সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি দেশ বিভাজনকে এক কলঙ্কজনক অধ্যায় হিসাবে অভিহিত করেন। মুখ্যমন্ত্রী বলেনপ্রধামন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশ এখন অনেক মজবুত। উত্তরপূর্বাঞ্চলে বিচ্ছিন্নতাবাদীদের তৎপরতা হ্রাস পেয়েছে। সার্জিক্যাল স্ট্রাইকের পর ভারতের বিরুদ্ধে ষড়যন্ত্র আর নেই। মুখ্যমন্ত্রী দেশ্ বিভাজনের বিভীষিকার ইতিহাস ছাত্রছাত্রীদের পাঠ্য বইযে অন্তর্ভুক্ত করা যায় কিনা তা খতিয়ে দেখার আশ্বাস দেন।

*****************************

**Partition horror :**

আগরতলা রেল স্টেশনে আজ বিভাজন বিভীষিকা স্মরণ দিবস পালন করা হয়। এই অনুষ্ঠানে চারজন স্বাধীনতা সংগ্রামীকে সম্মান প্রদান করা হয়।অনুষ্ঠানে রেল আধিকারিক মোল্লা কুমার যাদব, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর উদয় ভাস্কর, রেল সুপারভাইজার সহ রেলের আধিকারিকরা অংশগ্রহণ করেন। ওয়ার্ড কাউন্সিলর স্বাধীনতা সংগ্রামে অংশগ্রহণকারীদের অবদানের দিকগুলি তুলে ধরেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আগরতলা স্টেশন মাস্টার ইন্দ্রমোহন সাহু ও উপস্থিত ছিলেন।

***************************

**Partition horror-Khowai :**

খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজে আজ বিভাজন বিভীষিকা স্মরণ দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে বক্তব্য রাখেন কলেজের প্রিন্সিপাল ডক্টর খোকন মজুমদার, টিচার কাউন্সিলের সচিব ডক্টর বাবুরাম স্বামী।

***************************

**Seminar Partition horrors-South :**

৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে "আজাদি কা রঙ হামারি সঙ্গ"-র অঙ্গ হিসেবে আজ বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে দেশভাগ এবং উত্তর পূর্ব ভারতে এর প্রভাব'-শীর্ষক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ ড. মনোরঞ্জন দাসের পৌরহিত্যে এই আলোচনাচক্রের বক্তব্য রাখেন স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যাপিকা ড. সুতপা দাস, রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান অধ্যাপক মনিষ প্রসাদ।

***************************

**Tiranga Yatra-Khowai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, আগামী প্রজন্মের কাছে স্বাধীনতা সংগ্রামের বীর শহীদদের কথা তুলে ধরা দেশের নাগরিকদের অন্যতম কর্তব্য। খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে আজ রামচন্দ্রঘাটে তিরঙ্গা যাত্রার উদ্বোধন করে বটতলি হাইস্কুল প্রাঙ্গণে এক জমায়েতে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, স্বাধীনতা সংগ্রাম ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় যাঁরা জীবন উৎসর্গ করেছেন তাঁদের প্রতি শ্রদ্ধা জানাতেই "হর ঘর তিরঙ্গা" অভিযানে বিভিন্ন কর্মসূচি পালন করা হচ্ছে। তিরঙ্গা যাত্রায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ

দেববর্মা, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রঞ্জিত দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক চান্দনী চন্দ্রন, জেলার পুলিশ সুপার ডা. রমেশ যাদব প্রমুখ।

মুখ্যমন্ত্রী আজ খোয়াই লালটিলা উচ্চ বিদ্যালয় মাঠেও "হর ঘর তিরঙ্গা যাত্রা" কর্মসূচিতে অংশ গ্রহণ করেন।

*************************

**HGT-Ambasa :**

৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আজ আমবাসা পুর পরিষদের উদ্যোগে একটি বিশেষ স্বচ্ছতা অভিযানের আয়োজন করা হয়। পুর পরিষদের সকল স্তরের কর্মীরা এই কর্মসূচিতে আজ শামিল হন। এই কর্মসূচিতে অংশ নেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন গোপাল সূত্রধর, সিইও তথা আমবাসা মহকুমা শাসক সঞ্জিত দেববর্মা সহ অন্যান্যরা।

আমবাসা মহকুমার অন্তর্গত ডলুবাড়ি গেইট দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের এন এস এস ইউনিট এর উদ্যোগে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ একটি শোভাযাত্রার আয়োজন করা হয়।

*************************

**Independence Day-South :**

স্বাধীনতা দিবস উপলক্ষে দক্ষিণ জেলা শাসকের অফিসের এমপ্লয়িজ রিক্রিয়েশন ক্লাবে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৭৮ জন স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন জেলা শাসক স্মিতা মল এম এস।

****************************

**Swachh Bharat :**

BJP প্রদেশ যুব মোর্চার উদ্যোগে আজ রাজ্যে স্বচ্ছ ভারত অভিযান করা হয়। যুব মোর্চার সম্পাদক রানা ঘোষ জানান আজ আগরতলা মন্ডল যুব মোর্চার উদ্যোগে সার্কিট হাউজ সংলগ্ন গান্ধী মূর্তির পাদদেশে মহারাজগঞ্জ বাজারে নেতাজির মূর্তি পাদদেশে, এছাড়া এলবার্ট এক্কা পার্কে সাফাই অভিযান করা হয় ও বীর শহীদদের স্মরণে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

প্রদেশ যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব সাফাই অভিযানে অংশ নেন। প্রতিটি মন্ডল যুব মোর্চার উদ্যোগে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। এছাড়াও যুব মোর্চার উদ্যোগে জাতীয় পতাকা বিতরণ করা হয়।

****************************

**BSF-BGB-Sonamura :**

ভারতের স্বাধীনতা দিবস উপলক্ষে আজ সোনামুড়ার বলেরঢেপা ও বাতাদোলা ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের জিরো পয়েন্টে দুই দেশের সীমান্ত রক্ষী বাহিনীর মধ্যে শুভেচ্ছা বিনিময় হয়। বর্ডার গার্ড অফ বাংলাদেশ অর্থাৎ বি.জি.বি'র পক্ষ থেকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী জওয়ানদের হাতে শুভেচ্ছা স্বরূপ মিষ্টি তুলে দেওয়া হয়। সীমান্ত সুরক্ষা বিষয়ে আগামীদিনে একে অপরকে আরো ভালো সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়। ভারতের দিক থেকে উপস্থিত ছিলেন বি.এস.এফ ৮১ নম্বর বাহিনীর বলেরঢেপা সীমান্ত এলাকার বি.ও.পির কোম্পানি কমান্ডার ও বাতাদোলা বি.ও.পির কোম্পানি কমান্ডার।

*********************************

**Independence Day Run :**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে সরকারি অনুষ্ঠানের অঙ্গ হিসেবে আজ ক্রশ কান্ট্রি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ছেলেদের বিভাগে সৌরভ হোসেন এবং মেয়েদের বিভাগে লক্ষ্মী রাণী ত্রিপুরা প্রথম স্থান দখল করে। পশ্চিম জেলা ক্রীড়া দপ্তরের উদ্যোগে উমাকান্ত একাডেমির সামনে থেকে বালকদের ৫ কিলোমিটার এবং বালিকাদের ৩ কিলোমিটার এই প্রতিযোগিতার শেষে বিজয়ীদের পুরস্কার তুলে দেয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ সহ দপ্তরের আধিকারিকরা। দৌড়ে বালক বিভাগে ৭০ জন এবং বালিকা বিভাগে ৫০ জন অংশ নিয়েছিলেন।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। রাজ্যে সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

******************************